

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭২৮(আগরতলা ৩০।০।)

আগরতলা, ৩০ জানুয়ারি, ২০২৪

শহীদ দিবস উপলক্ষে রাজ্যপালের শুদ্ধাঞ্জলি



আজ শহীদ দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দুসেনা রেডিডি নাল্লু জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শুদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ উপলক্ষে তিনি প্রথমে সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর পূর্ণাবয়ব মূর্তির পাদদেশে পুষ্পস্তবক দিয়ে শুদ্ধা জানান। পরে রাজ্যপাল গান্ধীঘাটস্থিত গান্ধী বেদিতেও পুষ্পাঞ্জলি দিয়ে শুদ্ধা নিবেদন করেন। সেই সময় শিল্প ও বাণিজ্য মন্ত্রী সাত্ত্বনা চাকমা রাজ্যপালের সঙ্গে ছিলেন এবং তিনিও মহাত্মা গান্ধীর প্রতি শুদ্ধা নিবেদন করেন। গান্ধীঘাটে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় রাজ্যপাল ইন্দুসেনা রেডিডি নাল্লু বলেন, মহাত্মা গান্ধী ভারতবর্ষের স্বাধীনতার জন্য আন্দোলন করে গেছেন। মহাত্মা গান্ধীর নীতি ও আদর্শ অনুসরণ করে আমাদের সকলকে রাজ্য ও দেশকে এগিয়ে নিয়ে যেতে একসঙ্গে কাজ করতে হবে। এছাড়াও অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক প্রশাসন বাদল নেগি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিষ্ণুসার ভট্টাচার্য মহাত্মা গান্ধীর প্রতি শুদ্ধাঞ্জলি নিবেদন করেন।

\*\*\*\*\*

B.D